কৃষিই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি বিপণন অধিদপ্তর
খামারবাড়ি, ফার্মগেট
ঢাকা-১২১৫।

স্মারক নং: ১২.০২.০০০০.০১২.০৬.০০১.১৯- ৪৩ তারিখঃ ২৮ -০৮-২০১৯

**বিষয়ঃ কৃষি বিপণন অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন ২০১৯-২০ অর্থ বছরের এডিপিতে অর্ন্তভূক্ত প্রকল্প/কর্মসূচী সমূহের উপর গত ২২-০৮-২০১৯ তারিখে অনুষ্ঠিত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা (জুলাই/২০১৯ পর্যন্ত) সভার কার্যবিবরণী প্রেরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ২২-০৮-২০১৯ তারিখে কৃষি বিপণন অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন ২০১৯-২০ অর্থ বছরের এডিপিভূক্ত প্রকল্প এবং রাজস্ব বাজেটভূক্ত কর্মসূচীসমূহের বাস্তবায়ন অগ্রগতির (জুলাই/২০১৯ পর্যন্ত) উপর পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদ্‌সংগে প্রেরণ করা হলো।

২। কার্যবিবরণীতে বর্ণিত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন আগস্ট, ২০১৯ মাসের এডিপি সভার কার্যপত্রে অন্তর্ভূক্তির জন্য বিশেষ কোন আলোচ্যসূচীর প্রস্তাব থাকলে আবশ্যিকভাবে আগামী ২৯-০৮-২০১৯ তারিখের মধ্যে সফট কপি ই-মেইলের মাধ্যমে (e-mail: neenashahnaz@gmail.com) ও হার্ড কপি অধিদপ্তরে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তঃ বর্ণনামতে ০৪ (চার) পাতা।

২৮/০৮/২০১৯
(শাহনাজ বেগম নীনা)
উপ-পরিচালক (পিপি)
ফোনঃ ৯১১৫৯৯৭
e-mail: neenashahnaz@gmail.com

**কার্যার্থে অনুলিপিঃ (জৈষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)।**

১। উপ-পরিচালক, (আরইটিসি) কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।
২। উপ-পরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/বরিশাল/রংপুর বিভাগ।
৩। প্রকল্প পরিচালক, সিলেট অঞ্চলে শস্যের নিবিড়তা বৃদ্ধিকরণ প্রকল্প (বিপণন অংগ) (সমাপ্ত), খামারবাড়ি, ঢাকা।
৪। কম্পোনেন্ট ডাইরেক্টর, স্মলহোল্ডার এগ্রিকালচারাল কম্পিটিটিভনেস প্রজেক্ট (এসএসিপি) (বিপণন অংগ), ঢাকা।
৫। প্রকল্প পরিচালক, বাজার অবকাঠামো, সংরক্ষণ ও পরিবহন সুবিধার মাধ্যমে ফুল বিপণন ব্যবস্থা শক্তিশালীকরণ প্রকল্প, ঢাকা।
৬। কর্মসূচি পরিচালক, ফ্রেশকাট শাক-সবজি ও ফলমূল প্রক্রিয়াজাতকরণ ও বিপণন কার্যক্রম সম্প্রসারণ কর্মসূচি (সমাপ্ত)।
৭। কর্মসূচি পরিচালক, অনলাইন প্রাইস মনিটরিং সংক্রান্ত ইলেকট্রনিক্স ডিসপ্লেবোর্ড স্থাপন কর্মসূচি, ঢাকা।
৮। কর্মসূচি পরিচালক, কাঁঠাল প্রক্রিয়াজাতকরণের মাধ্যমে কাঁঠালের বহুমুখী ব্যবহার সম্প্রসারণ কর্মসূচি, ঢাকা।

**সদয় অবগতির জন্য অনুলিপিঃ**

০১। সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
(দৃঃআঃ যুগ্ম প্রধান, কৃষি মন্ত্রণালয়)।
০২। সিস্টেম এ্যাডমিন (আইসিটি সেল), কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।
(ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ সহ)
০৩। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।

**কৃষিই সমৃদ্ধি**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি বিপণন অধিদপ্তর
খামারবাড়ি, ফার্মগেট
ঢাকা-১২১৫।

**বিষয়ঃ ২০১৯-২০ অর্থ বছরের এডিপিভূক্ত কৃষি বিপণন অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন প্রকল্প/কর্মসূচীসমূহের উপর গত ২২-০৮-২০১৯ তারিখে অনুষ্ঠিত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা ( জুলাই/২০১৯ পর্যন্ত) সভার কার্যবিবরণীঃ**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোহাম্মদ ইউসুফ মহাপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর। |
| স্থান | : | সভা কক্ষ, কৃষি বিপণন অধিদপ্তর, ঢাকা। |
| সময় | : | দুপুর ১২.০০ ঘটিকা। |
| তারিখ | : | ২২ আগস্ট, ২০১৯ খ্রিঃ। |
| সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দ | : | পরিশিষ্ট-'ক' । |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানান এবং তিনি কৃষি বিপণন অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন প্রকল্প/কর্মসূচীসমূহের জুলাই,২০১৯ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি সভার কার্যপত্র অনুযায়ী পর্যায়ক্রমে উপস্থাপনের জন্য উপ-পরিচালক (পিপি) কে অনুরোধ জানান।

**১। আলোচ্য বিষয়-১.** গত এডিপি পর্যালোচনা সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ।

গত জুন,২০১৯ সময়ের এডিপি পর্যালোচনা সভার কার্যবিবরণী নিশ্চিতকরণের জন্য সভায় উপস্থাপন করা হয় এবং কোন সংশোধনী প্রস্তাব না থাকায় তা মহাপরিচালকের অনুমোদনক্রমে নিশ্চিতকরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রঃ নং | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ১.১ | গত জুন,২০১৯ মাস পর্যন্ত এডিপি পর্যালোচনা সভার কার্যবিবরণী নিশ্চিত করা হলো। | উপ-পরিচালক (নীতি ও পরিকল্পনা) |

**২। আলোচ্য বিষয়-২.১:** কৃষি বিপণন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন এডিপিভূক্ত প্রকল্প ও রাজস্ব বাজেটভূক্ত কর্মসূচীসমূহের বাস্তবায়ন অগ্রগতির তথ্য উপস্থাপন কালে ২০১৮-১৯ অর্থ বছরের বাস্তবায়নাধীন উন্নয়ন প্রকল্প এবং কর্মসূচি'র কার্যক্রম বিগত সভার সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি ইত্যাদি বিষয় নিয়ে আলোচনা করা হয়। সভায় জানানো হয় যে, কৃষি বিপণন অধিদপ্তরের আওতায় ২০১৮-১৯ অর্থ বছরে বাস্তবায়নাধীন ০৩টি বিনিয়োগ প্রকল্পের অনুমোদিত ডিপিপি মোতাবেক আরএডিপি'র বরাদ্দ অনুযায়ী মোট ১১৩২.০০ লক্ষ টাকা এবং ০২টি কর্মসূচির অনুমোদিত পিপিএনবি মোতাবেক মোট ১১৮.৩০ লক্ষ টাকার বরাদ্দ ছিল। প্রকল্পের ১১৩২.০০ লক্ষ (১০০%) টাকা ছাড় করা হলে জুন,১৯ পর্যন্ত ৮৫৫.০০ লক্ষ (৭৫.৫৩%) টাকা ব্যয় করা হয়। এছাড়া কর্মসূচিসমূহের ১১৮.৩০ লক্ষ (১০০%) টাকা ছাড় করা হলে জুন, ১৯ পর্যন্ত ১১৮.৩০ লক্ষ (১০০%) লক্ষ টাকা ব্যয় করা হয়। স্মলহোল্ডার এগ্রিকালচারাল কম্পিটিটিভনেস প্রজেক্ট (এসএসিপি)(বিপণন অংগ) শীর্ষক প্রকল্পের অগ্রগতি আশানুরূপ না হওয়ায় সভাপতি অসন্তোষ প্রকাশ করেন। ২০১৯-২০ অর্থ বছরে এডিপি বাস্তবায়নের হার গতিশীল করার লক্ষ্যে প্রকল্প/কর্মসূচিসমূহে অগ্রগতি ১০০% সম্পন্ন করার জন্য প্রকল্প পরিচালক ও কর্মসূচি পরিচালকদের নির্দেশনা প্রদান করেন। এছাড়া যে সকল প্রকল্প/কর্মসূচী ২০১৮-১৯ অর্থ বছরের অব্যয়ীত অর্থ সমার্পনের জন্য প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তার বরাবর পত্র প্রেরণ করেন নাই তাদেরকে অতি দ্রুত অর্থ সমার্পনের পত্র দিতে সভাপতি নির্দেশনা প্রদান করেন। প্রকল্প ও কর্মসূচিসমূহের ২০১৯-২০ অর্থ বছরের কর্ম ও ক্রয় পরিকল্পনার বাস্তবায়ন বিষয়ে আলাদা আলাদা ভাবে আলোচনা করা হয়।

**২.১** বিগত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি আলোচনাকালে "সিলেট অঞ্চলে শস্যের নিবিড়তা বৃদ্ধিকরণ (বিপণন অংগ)" প্রকল্পের প্রকল্প পরিচালক সভায় অবহিত করেন যে, সংশোধিত অনুমোদিত ডিপিপি'র আওতায় প্রকল্পের যাবতীয় নির্মাণ

কাজ সমাপ্ত হয়েছে। তবে যে সব নির্মাণ কাজের ত্রুটি রয়েছে সেগুলো পুনরায় করার জন্য ঠিকাদারী প্রতিষ্ঠানকে তাগিদ প্রদান করা হয়েছে। প্রকল্পের যাবতীয় কাজ প্রকল্প মেয়াদ শেষ করার সভাপতি প্রকল্প পরিচালক ও তার টীমকে ধন্যবাদ জানান। প্রকল্পের পিসিআর দ্রুত সময়ের মধ্যে প্রদান করার জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। এছাড়া "সিলেট অঞ্চলে শস্যের নিবিড়তা বৃদ্ধিকরণ" শীর্ষক প্রকল্পের অনুরূপ একটি প্রকল্প তেরী করার জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন।

২.২ স্মলহোল্ডার এগ্রিকালচারাল কম্পিটিটিভনেস প্রজেক্ট (এসএসিপি) শীর্ষক প্রকল্পের ২০১৯-২০ অর্থ বছরের কর্মপরিকল্পনা মোতাবেক যাবতীয় কার্যক্রম দ্রুত সম্পন্ন করে প্রকল্পের অগ্রগতি ১০০% সম্পন্ন করার জন্য সভাপতি নির্দেশনা দেন। প্রকল্পের আওতায় অনুষ্ঠিত যাবতীয় প্রশিক্ষণ, ওয়ার্কসপ ও সেমিনারের জন্য আগামী সেপ্টেম্বর,২০১৯ এর মধ্যে একটি আদর্শ মডিউল ও ওয়ার্ক প্লান তৈরী করার জন্য সভাপতি নির্দেশনা দেন। ম্যাচিং গ্রান্ড এর নীতিমালাসহ পি এইচ ডি ডিগ্রি বিষয়ে বিজ্ঞাপন আহবান করতে সভাপতি নির্দেশনা প্রদান করেন। প্রকল্পের যাবতীয় কার্যক্রমের একটি সারসংক্ষেপ তৈরী করে প্রকল্প বাস্তবায়িত এলাকার সকল বিভাগীয় উপ-পরিচালক ও জেলা বাজার কর্মকর্তার কার্যালয়ে দ্রুত প্রেরণ করার জন্য সভাপতি পুনরায় নির্দেশনা দেন।

২.৩ কৃষি বিপণন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "বাজার অবকাঠামো, সংরক্ষণ ও পরিবহন সুবিধার মাধ্যমে ফুল বিপণন ব্যবস্থা শক্তিশালীকরণ " শীর্ষক প্রকল্পের আওতায় যে সকল জেলাতে এসেম্বল সেন্টার নির্মাণ করা হবে উক্ত জায়গার প্রকৃত মালিকদের সাথে সেপ্টেম্বর,২০১৯ এর মধ্যে সমঝোতা স্মারক (MOU) স্বাক্ষর করাসহ ঢাকা বিভাগীয় কার্যালয় উর্ধ্বমূখী সম্প্রসারণের লক্ষ্যে স্থাপত্য নকশা ও ব্যয় প্রক্কলন অনুযায়ী নির্মাণ কার্যক্রম শুরূ করার জন্য সভাপতি নির্দেশনা দেন। সভাপতি উল্লেখ্য করেন, যে উদ্দেশ্যে প্রকল্প গ্রহণ করা হয়েছে ফুলের পাইকারী বাজার এর জায়গা নির্ধারণসহ নির্মাণ কার্যক্রম আগামী সেপ্টেম্বর,২০১৯ এর মধ্যে শুরু করতে সভাপতি নির্দেশনা দেন। কৃষি মন্ত্রলালয়ের নির্দেশনা মোতাবেক বৈদেশিক ভ্রমন আবশ্যকভাবে ডিসেম্বর,২০১৯ এর মধ্যে শেষ করতে হবে। প্রকল্পের আওতায় অনুষ্ঠিত যাবতীয় প্রশিক্ষণ, ওয়ার্কসপ ও সেমিনারের জন্য আগামী সেপ্টেম্বর,২০১৯ এর মধ্যে একটি আদর্শ মডিউল ও ওয়ার্ক প্লান তৈরী করার জন্য সভাপতি নির্দেশনা দেন। এছাড়া প্রকল্পের যাবতীয় কার্যক্রমের একটি সারসংক্ষেপ তৈরী করে প্রকল্প বাস্তবায়িত এলাকার সকল বিভাগীয় উপ-পরিচালক ও জেলা বাজার কর্মকর্তার কার্যালয়ে দ্রুত প্রেরণ করার জন্য সভাপতি পুনরায় নির্দেশনা দেন।

২.৪ : ফ্রেশকাট শাকসজি ও ফলমূল প্রক্রিয়াজাতকরণ ও বিপণন কার্যক্রম সম্প্রসারণ কর্মসূচি'টি সমাপ্ত বিধায় কর্মসূচির সামগ্রিক কার্যক্রমের (সফলতা ও ব্যর্থতাসহ) একটি প্রতিবেদন প্রেরণ করতে সভায় নির্দেশ প্রদান করা হয়। আগামী জুলাই,২০১৯ মাসের মধ্যে ফ্রেশকাট এর ন্যায় নতুন কর্মসূচি'র প্রস্তাব এবং পিসিআর করার জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন।

২.৫: অনলাইন প্রাইস মনিটরিং সংক্রান্ত ইলেক্টনিক্স ডিসপ্লেবোর্ড স্থাপন শীর্ষক কর্মসূচির আওতায় প্রর্দশিত ডিজিটাল ডিসপ্লেবোর্ডে প্রতিদিনের বাজার দর প্রতিদিন প্রর্দশনের জন্য উদ্যোগ গ্রহণ করতে হবে। এছাড়া ২০১৯-২০ অর্থ বছরে নির্ধারিত ১০ ডিজিটাল ডিসপ্লেবোর্ডে সংগ্রহের নিমিত্ত আগামী সেপ্টেম্বর,২০১৯ এর মধ্যে দরপত্র আহবান করতে সভাপতি নির্দেশনা প্রদান করেন।

২.৬: কাঁঠাল প্রক্রিয়াজাতকরণের মাধ্যমে কাঁঠালের বহুমুখী ব্যবহার সম্প্রসারণ শীর্ষক কর্মসূচি এর মাধ্যমে কাঁঠাল ডিহাইড্রেশন প্লান্ট স্থাপন করার নিমিত্ত বারি, ব্রি ও সাইন্স ল্যাবরেটারী সরজমিনে ভ্রমন ও আলাপ আলোচনার মাধ্যমে যন্ত্রপাতির নাম সংগ্রহ করে আগামী সেপ্টেম্বর,২০১৯ এর মধ্যে দরপত্র আহবান করতে সভাপতি নির্দেশনা প্রদান করেন। আগামী সেপ্টেম্বর,২০১৯ এর মধ্যে টিওটি প্রশিক্ষণ ও প্রতিমাসে ০১টি করে মাঠ পর্যায়ের প্রশিক্ষণের আয়োজন করতে সভাপতি নির্দেশনা প্রদান করেন।

৩. দরপত্র অগ্রগতি বিষয়ে আলোচনাঃ ২০১৯-২০ অর্থ বছরে বাস্তবায়নাধীন প্রকল্পের দরপত্র আহবানের কাজ আগষ্ট,২০১৯ সময়ের মধ্যে এবং কার্যাদেশ প্রদানের কাজ সেপ্টেম্বর,২০১৯ সময়ের মধ্যে সমাপ্ত করতে হবে এবং ইতোমধ্যে আহবানকৃত সকল দরপত্রের কার্যাদেশ অনুযায়ী পণ্য বুঝে নেবার বিষয়টি নিশ্চিত করতে সভাপতি নির্দেশনা প্রদান করেন।

**৫: সভার সিদ্ধান্তসমূহঃ**

সভায় কৃষি বিপণন অধিদপ্তরের উন্নয়ন পরিকল্পনা, প্রকল্প বাস্তবায়নের কৌশল নিধারণ, উন্নয়ন কর্মসূচি বাস্তবায়নে গতিশীলতা আনায়ন এবং প্রকল্প ও কর্মসূচি সংশ্লিষ্ট বিষয়ে বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রঃ নং | গৃহীত সিদ্ধান্ত সমূহ | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ৫.১ | "সিলেট অঞ্চলে শস্যের নিবিড়তা বৃদ্ধিকরণ" শীর্ষক প্রকল্পের অনুরূপ একটি প্রকল্প তেরী করার জন্য এবং প্রকল্পের পিসিআর দ্রুত সময়ের মধ্যে প্রদান করতে হবে। | প্রকল্প পরিচালক<br>আইসিআইএসআরপি (ডিএএম) (সমাপ্ত) অংগ। |
| ৫.২ | (ক) প্রকল্পের আওতায় অনুষ্ঠিত যাবতীয় প্রশিক্ষণ, ওয়ার্কসপ ও সেমিনারের জন্য আগামী সেপ্টেম্বর,২০১৯ এর মধ্যে একটি আদর্শ মডিউল ও ওয়ার্ক প্লান তৈরী করতে হবে।<br>(খ) ম্যাচিং গ্রান্ড এর নীতিমালাসহ পি এইচ ডি ডিগ্রি বিষয়ে বিজ্ঞাপন আহবান করতে হবে।<br>(গ) প্রকল্পের যাবতীয় কার্যক্রমের একটি সারসংক্ষেপ তৈরী করে প্রকল্প এলাকার সকল বিভাগীয় উপপরিচালক ও জেলা বাজার কর্মকর্তার কার্যালয়ে প্রেরণ করতে হবে। | কম্পোনেন্ট ডাইরেক্টর<br>স্মলহোল্ডার এগ্রিকালচারাল কম্পিটিটিভনেস প্রজেক্ট (এসএসিপি)<br>(বিপণন অংগ) |
| ৫.৩ | (ক) প্রকল্পের আওতায় যে সকল জেলাতে এসেম্বল সেন্টার নির্মাণ করা হবে উক্ত জায়গার প্রকৃত মালিকদের সাথে সেপ্টেম্বর,২০১৯ এর মধ্যে সমঝোতা স্মারক (MOU) স্বাক্ষর করাসহ ঢাকা বিভাগীয় কার্যালয় উর্ধ্বমূখী সম্প্রসারণের লক্ষ্যে স্থাপত্য নকশা ও ব্যয় প্রক্কলন অনুযায়ী নির্মাণ কার্যক্রম শুরু করতে হবে।<br>(খ) প্রকল্পের যাবতীয় কার্যক্রমের একটি সারসংক্ষেপ তৈরী করে প্রকল্প এলাকার সকল বিভাগীয় উপ-পরিচালক ও জেলা বাজার কর্মকর্তার কার্যালয়ে দ্রুত প্রেরণ করতে হবে।<br>(গ) প্রকল্পের আওতায় অনুষ্ঠিত যাবতীয় প্রশিক্ষণ, ওয়ার্কসপ ও সেমিনারের জন্য আগামী সেপ্টেম্বর,২০১৯ এর মধ্যে একটি আদর্শ মডিউল ও ওয়ার্ক প্লান তৈরী করতে হবে। | প্রকল্প পরিচালক<br>বাজার অবকাঠামো, সংরক্ষণ ও পরিবহন সুবিধার মাধ্যমে ফুল বিপণন ব্যবস্থা শক্তিশালীকরণ প্রকল্প |
| ৫.৪ | (ক) কর্মসূচি'টি ২০১৮-১৯ অর্থ বছরে সমাপ্ত হবে বিধায় কর্মসূচির সামগ্রিক কার্যক্রমের (সফলতা ও ব্যর্থতাসহ) একটি প্রতিবেদন আগামী ১৫দিনের মধ্যে প্রেরণ করতে হবে।<br>(গ)ফ্রেশকাট এর ন্যায় নতুন কর্মসূচি'র প্রস্তাব এবং দ্রুত সময়ের মধ্যে কর্মসূচির পিসিআর করতে হবে। | কর্মসূচী পরিচালক<br>ফ্রেশকাট শাকসব্জি ও ফলমূল প্রক্রিয়াজাতকরণ ও বিপণন কার্যক্রম সম্প্রসারণ কর্মসূচি (সমাপ্ত)। |
| ৫.৫ | (ক) ডিজিটাল ডিসপ্লেবোর্ডে প্রতিদিনের বাজার দর প্রতিদিন প্রর্দশনের জন্য উদ্যোগ গ্রহণ করতে হবে এবং ইতোমধ্যে স্থাপিত ডিসপ্লেবোর্ডসমূহ সচল করে বাজার তথ্য প্রকাশের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | কর্মসূচী পরিচালক<br>অনলাইন প্রাইস মনিটরিং সংক্রান্ত ইলেক্টনিক্স ডিসপ্লেবোর্ড স্থাপন শীর্ষক কর্মসূচি। |

| ক্রঃ নং | গৃহীত সিদ্ধান্ত সমূহ | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| | (খ)২০১৯-২০ অর্থ বছরে নির্ধারিত ১০ ডিজিটাল ডিসপ্লেবোর্ডে সংগ্রহের নিমিত্ত আগামী সেপ্টেম্বর,২০১৯ এর মধ্যে দরপত্র আহবান করতে হবে। | |
| ৫.৬ | (ক) কর্মসূচি এর মাধ্যমে কাঁঠাল ডিহাইড্রেশন প্লান্ট স্থাপন করার নিমিত্ত বারি, ব্রি ও সাইন্স ল্যাবরেটারী সরজমিনে ভ্রমন ও আলাপ আলোচনার মাধ্যমে যন্ত্রপাতির নাম সংগ্রহ করে আগামী সেপ্টেম্বর,২০১৯ এর মধ্যে দরপত্র আহবান করতে হবে।<br>(খ) আগামী সেপ্টেম্বর,২০১৯ এর মধ্যে টিওটি প্রশিক্ষণ ও প্রতিমাসে ০১টি করে মাঠ পর্যায়ের প্রশিক্ষণের আয়োজন করতে হবে । | কর্মসূচী পরিচালক<br>কাঁঠাল প্রক্রিয়াজাতকরণের মাধ্যমে কাঁঠালের বহুমুখী ব্যবহার সম্প্রসারণ শীর্ষক কর্মসূচি। |
| ৫.৭ | ২০১৯-২০ অর্থ বছরে বাস্তবায়নাধীন প্রকল্পের দরপত্র আহবানের কাজ আগষ্ট,২০১৯ সময়ের মধ্যে এবং কার্যাদেশ প্রদানের কাজ সেপ্টেম্বর,২০১৯ সময়ের মধ্যে সমাপ্ত করতে হবে। | সকল প্রকল্প ও কর্মসূচি পরিচালক। |

৬। আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোহাম্মদ ইউসুফ)
মহাপরিচালক
কৃষি বিপণন অধিদপ্তর